বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১৩৯/২৯৫ তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ / ২৪ ফেব্রুয়ারি ২০২৬

বিষয় : চাহিত কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে

সূত্র : জনাব শেখ এনামুল করিম, বিপি-৭৯৯৮০১৭৬৬৬ এসআই (নিরস্ত্র), তালতলী থানা, বরগুনা এর ০২/১২/২০২৫খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বরগুনা জেলার তালতলী উপজেলাধীন কড়াইবাড়ীয়া এতিম মঞ্জিল বালিকা দাখিল মাদ্রাসা পরিচালনার জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক জারি করা নং বামাশিবো/প্রশা/২২১১৮১০০০৬৪১/৯১৯১/নথি নং-১৩৯, তারিখ: ২২-০৬-২০১৮ খ্রিঃ প্রজ্ঞাপনটির সত্যতা যাচাইয়ের জন্য এবং ২০১৮ সালে অনুমোদিত মাদ্রাসা পরিচালনা কমিটির কপিসহ যাবতীয় কাগজপত্র বরগুনা জেলার তালতলী থানার, এফআইআর নং-২৩, জি, আর নং-১৪৩, তারিখ: ২৩ আগস্ট, ২০২৫ মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে প্রেরণের জন্য সূত্রোক্ত পত্রে জনাব শেখ এনামুল করিম, সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র), তালতলী থানা, বরগুনা আবেদন করেন। উক্ত মাদ্রাসার সংশ্লিষ্ট নথি পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর সংশ্লিষ্ট প্রবিধান অনুসারে ০২(দুই) বছর মেয়াদে বর্ণিত নং বামাশিবো/প্রশা/২২১১৮১০০০৬৪১/৯১৯১/নথি নং-১৩৯, তারিখ: ২২-০৬-২০১৮ খ্রিঃ স্মারকের মাধ্যমে প্রতিষ্ঠানটি পরিচালনার ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া হয়।

০২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন মাদ্রাসাসমূহের সকল প্রকার কমিটি ই-অফিস ম্যানেজমেন্টের মাধ্যমে অনলাইনে দাখিলকৃত আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রের ভিত্তিতে অনুমোদন প্রদান করা হয়ে থাকে। মাদ্রাসা প্রধান কে মূল কপি/হার্ড কপি বোর্ডে প্রেরণ করতে হয় না। নিয়োগ সংক্রান্ত নং-৫৭.২৫.০০০০.০০০.০২.০৪০.১৮.১৬৩, তারিখ: ২৬/০৪/২০১৮ খ্রি. স্মারকটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের এখতিয়ারাধীন।

০৩। বর্ণিত অবস্থায়, সুষ্ঠু তদন্তের স্বার্থে উক্ত আবেদন সংশ্লিষ্ট সকল কাগজপত্রের প্রিন্টকপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো এবং নিয়োগ সংক্রান্ত বিষয়টি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের এখতিয়ারাধীন মর্মে বিষয়টি অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১(এক) পাতা।

২৪.২.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব শেখ এনামুল করিম
বিপি-৭৯৯৮০১৭৬৬৬
এসআই (নিরস্ত্র),
তালতলী থানা, বরগুনা।

নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১৩৯/২৯৫ তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ / ২৪ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. জেলা প্রশাসক, বরগুনা;
২. পুলিশ সুপার, বরগুনা;
৩. জেলা শিক্ষা অফিসার, বরগুনা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালতলী, বরগুনা;
৬. সুপার/ভারপ্রাপ্ত সুপার, কড়াইবাড়ীয়া এতিম মঞ্জিল বালিকা দাখিল মাদ্রাসা, তালতলী, বরগুনা;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৪/০২/২৬

মোঃ আব্দুর রশীদ
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd